


সময়সূচী, সেপ্টেম্বর ২৭, ২০২২, প্রক্টর-৭
শ্রীমতী সখিয়া - ৩৭৮. ৫৫২২ A East West University
Library



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে শরৎকালীন সেমিস্টারে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ ফরাসউদ্দিন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ওরিয়েন্টেশন প্রোগ্রাম

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে শরৎকালীন সেমিস্টারের ভর্তি হওয়া আভারগ্যাজুয়েট ছাত্রছাত্রীদের অভিভাবকদের জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম গত বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের মহাখালীর ক্যাম্পাসের অডিটোরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনি বলেন, এ ইউনিভার্সিটির সবচেয়ে মূল্যবান অর্জন হচ্ছে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব

ক্যাম্পাস, যা নির্মিত হচ্ছে আফতাবনগরে। তিনি বলেন, এ স্বপ্ন আজ পূরণের পথে। এর পেছনে যাদের অবদান রয়েছে তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাই।

ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুনীরউদ্দিন আহমদ এ অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন। তিনি ছাত্রছাত্রীর অভিভাবকদের উদ্দেশে বলেন, তারা যেন ওই ইউনিভার্সিটির নিয়ম-কানুনগুলো ভালোভাবে জেনে তাদের ছেলেমেয়ের প্রতি খেয়াল রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি।